# গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং




নাজমুল আহমেদ

# গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং

নাজমুল আহমেদ

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| **১.** | **শুরুর কিছু কথা** | **৭** |
| ১.১ | আমার পরিচয় | ১০ |
| ১.২ | বইটি পড়ার নিয়ম | ১৪ |
| ১.৩ | বইটিতে যা যা আছে | ১৪ |
| ১.৪ | বইটি মূলত কাদের জন্য? | ১৬ |
| ১.৫ | এই বই পড়ে কি আপনি ডিজিটাল মার্কেটিং শিখতে পারবেন? | ১৭ |
| ১.৬ | সবাই কি ডিজিটাল মার্কেটিং শিখতে পারবে? | ১৮ |
| **২.** | **যাত্রার শুরু এখানেই** | **২০** |
| ২.১ | মার্কেটিং বিষয়টা আসলে কী? | ২১ |
| ২.২ | ডিজিটাল মার্কেটিং | ২২ |
| ২.৩ | ব্র্যান্ডিং | ২৩ |
| ২.৪ | সেলস | ২৪ |
| ২.৫ | কমিউনিকেশন | ২৫ |
| **৩.** | **ডিজিটাল মার্কেটিং-এর মূল ভিত্তি গড়ে তুলি!** | **২৬** |
| ৩.১ | ডিজিটাল মার্কেটিং-এর ইতিহাস এবং বিকাশ | ২৭ |
| ৩.২ | ডিজিটাল মার্কেটিং না কি ট্রাডিশনাল মার্কেটিং? | ৩০ |
| **৪.** | **ডিজিটাল মার্কেটিং-এর ধরণ** | **৩১** |
| ৪.১ | ইনবাউন্ড মার্কেটিং | ৩১ |
| ৪.২ | আউটবাউন্ড মার্কেটিং | ৩২ |
| ৪.৩ | ইমোশনাল মার্কেটিং | ৩৩ |
| ৪.৪ | বিটুবি ও বিটুসি (B2B ও B2C) মার্কেটিং | ৩৪ |
| **৫.** | **ডিজিটাল মিডিয়া মার্কেটিং-এর A টু Z** | **৩৬** |
| ৫.১ | কন্টেন্ট মার্কেটিং | ৩৬ |

| | | |
|---|---|---|
| ৫.২ | কন্টেন্ট মার্কেটিং-এর কৌশল | ৩৮ |
| ৫.৩ | কন্টেন্ট ক্যালেন্ডার | ৪০ |
| ৫.৪ | কন্টেন্ট মার্কেটিং কী কী ধরনের? | ৪১ |
| ৫.৫ | টার্গেট অডিয়েন্স | ৪৩ |
| **৬.** | **সোশ্যাল মিডিয়া মার্কেটিং(SMM)** | **৪৫** |
| ৭. | অ্যাড মার্কেটিং জানতেই হবে | ৪৮ |
| ৭.১ | অ্যাড মার্কেটিং-এর ধরন | ৫০ |
| ৭.২ | ইমেজ অ্যাড | ৫১ |
| ৭.৩ | অডিও অ্যাড | ৫১ |
| ৭.৪ | সার্চ অ্যাড | ৫২ |
| ৭.৫ | ভিডিও অ্যাড | ৫২ |
| ৭.৭ | কোন অ্যাড দিয়ে শুরু করবো? | ৫৩ |
| **৮.** | **ভিডিও মার্কেটিং না জানলেই নয়** | **৫৪** |
| ৮.১ | ভিডিও মার্কেটিং-এর প্রকারভেদ | ৫৫ |
| ৮.২ | ভিডিও মার্কেটিং-এর কৌশল | ৫৬ |
| **৯.** | **SEO-এর কাজ কারবার** | **৬০** |
| ৯.১ | SEO কেন শিখবেন? | ৬১ |
| ৯.২ | SEO কেন গুরুত্বপূর্ণ? | ৬২ |
| ৯.৩ | Keyword বাছাই | ৬৪ |
| ৯.৪ | On- Page SEO | ৬৬ |
| ৯.৫ | ডোমেইন অথরিটি | ৬৭ |
| ৯.৬ | ব্যাকলিংকস (Backlinks) | ৬৮ |
| **১০.** | **ই-মেইল মার্কেটিং-এর খুঁটিনাটি** | **৬৯** |
| ১০.১ | ই-মেইল মার্কেটিং টুলস | ৭১ |
| ১০.২ | ConvertKit-এ অ্যাকাউন্ট খোলার নিয়ম | ৭১ |
| **১১.** | **অ্যাফিলিয়েট মার্কেটিং: আয় করার সহজ উপায়** | **৭৩** |

১১.১ অ্যাফিলিয়েট মার্কেটিং-এর ঝুঁকি ৭৫
১১.২ যেভাবে অ্যাফিলিয়েট মার্কেটিং শুরু করবেন ৭৬
১১.৩ একজন সফল অ্যাফিলিয়েট মার্কেটার হতে চাইলে ৭৭
১১.৪ অ্যাফিলিয়েট মার্কেটারদের জন্য পরামর্শ ৭৯

**১২. যেই মার্কেটিং আপনাকে ইনফ্লুয়েন্স করবে ৮১**
১২.১ ইনফ্লুয়েন্সারের প্রকারভেদ ৮৩
১২.২ ইনফ্লুয়েন্সার মার্কেটিং শুরু করতে চাইলে ৮৪

**১৩. ওয়েবসাইট ৮৬**
১৩.১ ওয়েবসাইট কেন জরুরি? ৮৭
১৩.২ ওয়েবসাইটে মার্কেটিং হোক সহজে ! ৮৮
১৩.৩ ওয়েবসাইটের ডোমেইন ৯০
১৩.৪ ডোমেইনের দোকান ৯১
১৩.৫ ওয়েবসাইট হোস্টিং ৯২
১৩.৬ কন্টেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম ৯৪

**১৪. Google Analytics কি জানা উচিত? ৯৬**
১৪.১ Google Analytics সেট-আপ ৯৭
১৪.২ গুগলে যেভাবে ব্যবসা করবেন ৯৯
১৪.৩ গুগল বিজনেস মার্কেটিং ১০২

**১৫. কথোপকথনেই মার্কেটিং? ১০৪**
১৫.১ কনভার্সেশনাল মার্কেটিং-এর ফরম্যাট ১০৬
১৫.২ যেভাবে কনভার্সেশনাল মার্কেটিং শুরু করতে পারেন ১০৭

**১৬. মোবাইল টিপেও মার্কেটিং ! ১০৯**
১৬.১ মোবাইল মার্কেটিং-এর ধরণ ১১০
১৬.২ মোবাইল মার্কেটিং-এর যত সুবিধা ১১১

**১৭. মার্কেটিং অটোমেশন ১১৩**

| | | |
|---|---|---|
| **১৮.** | **ডিজিটাল মার্কেটিং করবেন যেভাবে** | **১১৪** |
| ১৮.১ | অ্যাওয়ারনেস | ১১৫ |
| ১৮.২ | কন্সিডারেশন | ১১৫ |
| ১৮.৩ | ডিসিশন | ১১৬ |
| **১৯.** | **কপিরাইটিং** | **১১৮** |
| ১৯.১ | ইফেক্টিভ কপিরাইটিং টিপস | ১২৪ |
| ১৯.২ | কপিরাইটিং ফর্মুলা | ১২৫ |
| **২০.** | **মার্কেটিং ফানেল পরিচিতি** | **১২৭** |
| ২০.১ | ফানেল তৈরি | ১৩০ |
| **২১.** | **এবার একটু টাকার ঝনঝনানি হোক!** | **১৩৩** |
| ২১.১ | টি-শেইপড মার্কেটার | ১৩৫ |
| ২১.২ | ক্যারিয়ার হিসাবে ডিজিটাল মার্কেটিং কেমন? | ১৩৬ |
| ২১.৩ | ভালোভাবে ফ্রিল্যান্সিং করতে চাইলে | ১৩৮ |

"আপনি কী বিক্রি করেন, তা গুরুত্বপূর্ণ নয়। বরং আপনি কীভাবে তা বিক্রি করেন সেটাই আসল!"

- ব্রায়ান হ্যালিগান

# ১. শুরুর কিছু কথা

ডিজিটাল মার্কেটিং জিনিসটা বেশ মজার হলেও অনেকেই কিন্তু এটা নিয়ে ক্যারিয়ারে খুব স্ট্রাগল করে।

এই কথা কেন বলছি?
আশেপাশে একটু লক্ষ্য করলেই দেখবেন অনেকেই ডিজিটাল মার্কেটিং শিখে বসে আছে কিন্তু কাজ পাচ্ছে না, ভালো টাকা ইনকাম করতে পারছে না।
কেন কাজ পাচ্ছে না? কেন বেশি ইনকাম করতে পারছে না ?
কারণ তাদের গোড়ায় সমস্যা!

ডিজিটাল মার্কেটিং আমরা শিখি কিন্তু ফাউন্ডেশন বা ফান্ডামেন্টাল জিনিসটাই ঠিক নেই আমাদের অধিকাংশের।
অনেকেই মনে করে ডিজিটাল মার্কেটিং অনেক সোজা। এই কথাটা একদিকে যেমন সত্য আবার অন্যদিকে একদম ফালতু কথাও বটে।

ডিজিটাল মার্কেটিং বিশাল সহজ তার কাছে যার ফাউন্ডেশন ঠিক আছে।
ফান্ডামেন্টাল যার যতো পাকাপোক্ত সে মার্কেটিং-এ ততো কাঁপিয়ে দিতে পারবে।
কিন্তু যার ফাউন্ডেশন ঠিক নেই সে অনেক কিছুই করবে, কিন্তু কোনো রেজাল্ট পাবে না!
বর্তমানে ক্যারিয়ার গ্রোথে ডিজিটাল মার্কেটিং সেক্টরে সবচেয়ে বেশি অপরচুনিটি রয়েছে।
কিন্তু আপনার যদি ওভারঅল ডিজিটাল মার্কেটিং-এর ফাউন্ডেশনটা ঠিক না থাকে তাহলে আর যাই হোক আপনি এই সেক্টরে খুব বেশি দূর এগোতে পারবেন না এটা নিশ্চিত।

ঠিক এই ব্যাপারটা বুঝতেই আমার বোকার মতো বেশ কয়েক বছর লেগে যায়। ছোট্ট করে আমার কাহিনীটা একটু বলি।

১৫ বছর আগে একজন মার্কেটার হিসাবে এই ইন্ডাস্ট্রিতে আমি ক্যারিয়ার শুরু করি। একদম প্রথম দিকে আমি ডিজিটাল মার্কেটিং নিয়ে প্রচুর কাজ করতাম, দিন-রাত এক করে দিয়ে মার্কেটিং ক্যাম্পেইন সাজাতাম।
কিন্তু আমি যে পরিমাণ ইফোর্ট দিতাম দিনশেষে সে পরিমাণ রেজাল্ট পেতাম না। একদমই যে রেজাল্ট পেতাম না এমন না, সেটা ছিল আমার এক্সপেকটেশন অনুযায়ী অনেক কম।

এভাবেই মার্কেটিং ক্যারিয়ারে স্ট্রাগল করে আমি বেশকিছু বছর পার করে ফেলি। এরপর হঠাৎ করে একদিন ফাইনালি আমার মাথায় ঢোকে যে কপিরাইটিংও (Copywriting) ডিজিটাল মার্কেটিং-এর একটা ফান্ডামেন্টাল জিনিস। এই স্কিল না থাকলে আসলে ডিজিটাল মার্কেটিং শিখে তেমন কোনো একটা উপকার নেই।

কপিরাইটিং-এর নাম আমি জীবনে শুনিনি এমন না, কিন্তু এটা যে ডিজিটাল মার্কেটিং-এর ক্ষেত্রে এতো দরকারি ফাউন্ডেশন সেটা জানতাম না।

এই যে ধরুন, আপনি ফেসবুকের ক্যাপশন লিখবেন? এর জন্য কপি লিখতে হবে।
ভিডিওর থাম্বনেইল বানাবেন? কপি লিখতে হবে।
অ্যাড তৈরি করবেন? আবারও কপি লিখতে হবে!
ভিডিও বানাবেন? এর জন্যেও ভিডিও স্ক্রিপ্ট/কপি লিখতে হবে।
এর মানে কী দাঁড়াচ্ছে?
এর মানে হচ্ছে এই কপিরাইটিং এমন একটা ফান্ডামেন্টাল জিনিস যেটা না জেনে ফেসবুক মার্কেটিং শিখে লাভ নেই।

কপিরাইটিং-এর মতো আরও অনেক কিছু জিনিস আছে যা প্রতিটা মার্কেটারের জানা উচিত।

তবে সমস্যা হলো শুরুতে এই জিনিসটা আমিও জানতাম না।
যখন আমি ধীরে ধীরে কপিরাইটিং-এর ফান্ডামেন্টাল সম্পর্কে জেনে সেটা ডিজিটাল মার্কেটিং-এ অ্যাপ্লাই করা শুরু করলাম তখন আমার মার্কেটিং গেমটাই পরিবর্তন হয়ে গেলো।
আমি ডিজিটাল মার্কেটিং-এ অসাধারণ রেজাল্ট পেতে শুরু করলাম এবং ক্যারিয়ার গ্রোথ চলে গেলো নেক্সট লেভেলে। ভাবুন তো
যদি শুরু থেকে আমি কপিরাইটিং-এর মতো বেসিক ডিজিটাল মার্কেটিং স্কিল সম্পর্কে জানতাম, যদি কেউ আমাকে বলে দিতো যে কপিরাইটিং ছাড়া মার্কেটিং করা উচিতই না তাহলে ক্যারিয়ারে আমি বর্তমানে যে অবস্থানে আসতে পেরেছি সেটা আরও কত দ্রুত আসতে পারতো?

কপিরাইটিং যে ডিজিটাল মার্কেটিং-এর একটা গুরুত্বপূর্ণ ফাউন্ডেশন, রেজাল্ট আনার গোপন সূত্র এটা বুঝতেই আমার বোকার মতো ৫ বছর সময় লেগে গেছে।
আপনি হয়তো শুধু ফেসবুক মার্কেটিং শিখে নিজের ক্যারিয়ারকে ধীর গতিতে সামনের দিকে নিতে পারবেন।
কিন্তু অসাধারণ রেজাল্ট পেতে, প্রচুর টাকা ইনকাম করতে এবং লাইফে সফলতার শীর্ষে পৌঁছাতে আপনাকে অবশ্যই ডিজিটাল মার্কেটিং-এর বেসিক সম্পর্কে জানতে হবে।

আর ডিজিটাল মার্কেটিং-কে গোড়া থেকে জানতে আমার এই বইটি হয়তো আপনাকে খুবই হেল্প করতে পারবে।
এখানে “হয়তো” বলার কারণ কী? “হয়তো” বলার কারণ হচ্ছে সম্পূর্ণ বইটি পড়ার পরেই বোঝা যাবে এটা আপনাকে হেল্প করেছে কি না।

## ১.১ আমার পরিচয়

শুরুতেই নিজের পরিচয়টা দেওয়া যাক। আমি **নাজমুল আহমেদ**, পড়াশোনা করেছি ঢাকা বিশ্ববিদ্যালয়ে, একাউন্টিং ডিপার্টমেন্টে।
এখন কেউ যদি আমাকে জিজ্ঞাসা করেন, কেন একাউন্টিং? এটার আসলে তেমন আহামরি কোনো গল্প নেই!

আমি ইউনিভার্সিটিতে অ্যাডমিশন টেস্টের সময় যে রেজাল্ট করেছিলাম তাতে বেস্ট যে সাবজেক্ট আমি পেতাম সেটা হচ্ছে একাউন্টিং সেই সুবাদেই আমার একাউন্টিং নিয়ে পড়া।

আরেকটা মজার ব্যাপার ছিল, আমি দেখতাম যারা একাউন্টিং-এ গ্রাজুয়েশন করার পর সিএ (CA) করে তারা বেশ ভালো অঙ্কের টাকা ইনকাম করে।
তখন ছোট ছিলাম, ভাবলাম একাউন্টিং নিয়ে পড়লে আমিও কোটি কোটি টাকা কামাতে পারবো! তো মোটামুটি সব মিলিয়ে এটাই আমার একাউন্টিং নিয়ে পড়ার পেছনে মূল কারণ।

বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষ থেকেই আমি ফুলটাইম চাকরি করা শুরু করে দিই। সবাই যে কাজটা করে, প্রথমে একটা জিনিস শিখে তারপর সেটা নিয়ে কাজ করা শুরু করে।
আমার ক্ষেত্রে একদমই উল্টোটা হয়েছে, আমি প্রথমে কাজ শুরু করেছি এরপর সেটা নিয়ে ঘাঁটাঘাঁটি করে বিষয়টা শিখেছি।

আমি তখন খুব বেশি বই পড়তাম না। আমাকে যদি কেউ জিজ্ঞেস করে আমার জীবনের সবচেয়ে বড় ভুল কী, আমি বোধহয় এটার কথাই বলব যে, ওই সময়ে প্রাসঙ্গিক বই না পড়া।
আমি বইপড়া শুরু করেছি ইদানীংকালে, খুব বেশি জোর হলে ২-৩ বছর আগে। এই অভ্যাসটা যদি আমি অনেক আগে শুরু করতে পারতাম তাহলে হয়তো আমার